

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আদিনা ফজলুল হক সরকারি কলেজ
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

বিজ্ঞপ্তি নং-

তারিখ : / /

**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে
বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা।**

এতদ্বারা অত্র কলেজের ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৭-০৩-২০১৯ ইং হতে ২৬-০৩-২০১৯ ইং তারিখের মধ্যে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের আগামী ০২-০৩-২০১৯ ইং হতে ০৭-০৩-২০১৯ ইং তারিখের মধ্যে প্রতিটি বিভাগে সর্বোচ্চ তিনটি ইভেন্টে মোট ৬ টিতে ছাত্র-ছাত্রীদের নাম, শ্রেণী, বিভাগ ও রোল নং আবেদনপত্রে উল্লেখ পূর্বক ক্রীড়া আবেদন পত্র মোঃ সিরাজুল ইসলাম ও সাহিত্য ও সংস্কৃতি আবেদন পত্র মোঃ আতাউর রহমান এর নিকট জমা দেওয়ার জন্য আহ্বান জানানো হলো।

নিম্নে বিষয় সমূহের অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও শর্তসমূহ দেওয়া হল।

১১-০৩-১৯ ইং এবং ১২-০৩-২০১৯ ইং ----- সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা বিভাগঃ

- ১। কোরআন তেলাওয়াত (সুরা ফাতিহা)
- ২। কবিতা আবৃত্তি (ইংরেজী) " The Good Morrow" By John Donne
- ৩। কবিতা আবৃত্তি (বাংলা) "তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা : শামসুর রহমান
- ৪। উপস্থিত বক্তৃতা
- ৫। হামদ/নাত
- ৬। দেশাত্ত্ববোধক গান
- ৭। নজরুল সঙ্গীত
- ৮। রবীন্দ্র সঙ্গীত
- ৯। পল্লীগীতি/আধুনিক গান
- ১০। বিতর্ক প্রতিযোগিতা (আকাশ সংস্কৃতির আগ্রাসনীই বাঙালী সংস্কৃতির অবক্ষয়ের দায়ী)

১৩-০৩-২০১৯ ইং এবং ১৪-০৩-২০১৯ ইং ----- ক্রীড়া প্রতিযোগিতা বিভাগ

- ১। ৪০০ মিটার দৌড় (ছাত্র)
- ২। ২০০ মিটার (ছাত্রী)
- ৩। লৌহ বল নিক্ষেপ(ছাত্র)
- ৪। লৌহ বল নিক্ষেপ(ছাত্রী)
- ৫। উচ্চ লম্ফ (ছাত্র)
- ৬। দীর্ঘ লম্ফ (ছাত্র)
- ৭। বর্ষা নিক্ষেপ (ছাত্র)
- ৮। বর্ষা নিক্ষেপ (ছাত্রী)
- ৯। ৩য় শ্রেণীর ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দৌড় ১০০ মিটার
- ১০। ধীর গতিতে সাইকেল চালানো (ছাত্র) (১৪-০৩-১৯ ইং তারিখে ৬ জন ছাত্র যাচাই করা হবে)
- ১১। ক্যারাম (দ্বৈত) ছাত্র
- ১২। ক্যারাম (দ্বৈত)ছাত্রী
- ১৩। ফুটবল প্রতিযোগিতা ছাত্র (সময় : ১৫ মিনিট+১৫ মিনিট) মানবিক বনাম (বিজ্ঞান+ব্যবসায় শিক্ষা)

২৬.০৩.২০১৯ ইং.....

- ১৩। ১০০ মিটার দৌড় (ছাত্র)
- ১৪। ধীর গতিতে সাইকেল চালানো (ছাত্র-৬ জন)
- ১৫। ১০০ মিটার দৌড় (ছাত্রী)
- ১৬। বালিশ খেলা (ছাত্রী)
- ১৭। চামচ ও মার্বেল দৌড় ছাত্রীদের
- ১৮। শিক্ষকদের ফুটবল খেলা।
- ১৯। যেমন খুশি তেমন সাজো, ছাত্র-ছাত্রী (একটি সাজের দলে তিনজনের বেশি অংশগ্রহণ করা যাবে না।)

২৬.০৩.২০১৯ইং.....

পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

শর্তসমূহঃ

- ১। 'শুধুমাত্র যেমন খুশি তেমন সাজো' ছাড়া কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রীবৃন্দ প্রতিটি বিভাগে তিনটি করে মোট ছয়টিতে অংশ গ্রহন করতে পারবে।
- ২। যেমন খুশি তেমন সাজো প্রতিযোগিতায় প্রতি গ্রুপে ০৩ (তিন) জনের বেশি অংশগ্রহণ করিতে পারিবে না।
- ৩। দুইটি বিভাগের প্রতিটির জন্য আলাদা আবেদনপত্র সহ কলেজ আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে। যদি আইডি কার্ড জমা দেওয়া না হয় তাহলে সেই আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। প্রতিটি বিষয়ে কমপক্ষে তিনজন প্রতিযোগী/প্রতিযোগিনী না পাওয়া গেলে সেই প্রতিযোগিতার বিষয় বাতিল বলে গণ্য হবে।
- ৫। উল্লেখিত তারিখের মধ্যে আবেদন পত্র জমা না দিলে পরে আর কোন আবেদনপত্র গ্রহন করা যাবে না।
- ৬। অধ্যক্ষ বরাবর আবেদন পত্র লিখতে হবে।
- ৭। প্রতিটি বিষয়ে তিনজন করে প্রতিযোগী/প্রতিযোগিনী পুরস্কারের জন্য চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৮। ১ম বর্ষ অনার্স এর ছাত্র-ছাত্রীদের জন্য আবেদনপত্রের সহিত ভর্তি রশিদের ফটোকপি জমা দিতে হবে।
- ৯। যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। আবেদন ফরম গ্রহণের স্থান : শরিফ ফটোস্ট্যাট, রঙ্গন ফটোস্ট্যাট ও মুসফিক ফটোস্ট্যাট আদিনা কলেজ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

আদিনা ফজলুল হক সরকারি কলেজ
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

আহ্বায়ক

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বার্ষিক
সাংস্কৃতিক ও ক্রীড়া উদ্যাপন কমিটি-২০১৯

